গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বাদলা টিকা শাখা, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা

এবং

পরিচালক, গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা

-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ লা জুলাই, ২০১৮- ৩০ শে জুন, ২০১৯

# সূচিপত্র


পৃষ্ঠা নং

উপক্রমণিকা .......................................................... ২

কর্মসম্পাদনের সার্বিক চিত্র .......................................................... ৩

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি .................. ৪

সেকশন ২: কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ .......................................... ৫

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) .......................................................... ৯

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি .................. ১০

# উপক্রমণিকা (Preamble)

সরকারী দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহীতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে

**বাদলা টিকা শাখার দায়িত্বে নিয়োজিত মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা**

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতাধীন প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা-১২১২ এর দায়িত্বে নিয়োজিত পরিচালক এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১৪ তারিখ এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয় সমূহে সম্মত হলেনঃ-

# প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department of Livestock Services)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

কৃষি নির্ভর বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়ন ও অগ্রযাত্রায় প্রাণিসম্পদ অধিদপ্তর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। দেশের প্রাণিজ আমিষের চাহিদা পূরণের ক্ষেত্রে গবাদিপশু, হাঁস-মুরগি ও দুধ উৎপাদন বৃদ্ধিসহ সংরক্ষণ, রোগ নিয়ন্ত্রণ ও জাত উন্নয়নে এখাতে রয়েছে অভাবনীয় সাফল্য। এ ধারাবাহিকতায় সম্প্রীতি বাংলাদেশ মাংস উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ হয়েছে। ২০১৬-১৭ অর্থবছরে জিডিপিতে স্থিরমূল্যে প্রাণিসম্পদ খাতের অবদান ১.৬০% এবং প্রবৃদ্ধির হার ৩.৩২% (বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা, ২০১৭)। মোট কৃষিজ জিডিপি'তে প্রাণিসম্পদ খাতের অবদান ১৪.৩১%। তাছাড়া ২০১৬-১৭ অর্থ বছরে প্রাণিসম্পদ খাতে জিডিপির আকার ছিল ৩৬,০২৬ কোটি টাকা যা বিগত ২০১৫-১৬ অর্থ বছরের তুলনায় ২৮৬১ কোটি টাকা বেশি (বিবিএস, ২০১৬-১৭) । তাছাড়া ২০১৬-১৭ অর্থ বছরে প্রাণিসম্পদ খাতে উৎপাদিত কাঁচা ও প্রক্রিয়াজাত পণ্য রপ্তানি আয় ছিল প্রায় ৪৬০৫.৩০ কোটি টাকা (ইপিবি, ২০১৬-১৭)। জনসংখ্যার প্রায় ২০% প্রত্যক্ষ এবং ৫০% পরোক্ষভাবে প্রাণিসম্পদ খাতের ওপর নির্ভরশীল। অধিকন্তু প্রাণিজ আমিষের প্রধান উৎস মাংস, দুধ ও ডিমের উৎপাদন বিগত তিন বছরে যথাক্রমে ২২.১০%, ৩৩.২০% ও ৩৫.৮১% বৃদ্ধি পেয়েছে। তাই বর্তমানে মাংস, দুধ ও ডিমের জন প্রতি প্রাপ্যতা বেড়ে যথাক্রমে ১২১.৭৪ গ্রাম/দিন, ১৫৭.৯৭ মি.লি/দিন ও ৯২.৭৫ টি/বছর এ উন্নীত হয়েছে যা দেশের ক্রমবর্ধমান জনগোষ্ঠীর প্রাণিজ আমিষের চাহিদা মেটাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বিগত তিন বছরে প্রাণিসম্পদ সেক্টরের অর্জনসমূহ নিম্নরূপ:

| উৎপাদিত পণ্য | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | ২০১৬-১৭ |
|---|---|---|---|
| মাংস (লক্ষ মেট্রিক টন) | ৫৮.৬০ | ৬১.৫২ | ৭১.৫৪ |
| দুধ (লক্ষ মেট্রিক টন) | ৬৯.৭০ | ৭২.৭৫ | ৯২.৮৩ |
| ডিম (কোটি) | ১০৯৯.৫২ | ১১৯১.২৪ | ১৪৯৩.৩১ |

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

গবাদিপশুর গুণগত মানসম্পন্ন খাদ্যের অপ্রতুলতা, রোগের প্রাদুর্ভাব, সুষ্ঠু সংরক্ষণ ও বিপণন ব্যবস্থার অভাব, লাগসই প্রযুক্তির অভাব, সচেতনতার অভাব, প্রণোদনামূলক উদ্যোগের অভাব, উৎপাদন সামগ্রীর উচ্চ মূল্য, জলবায়ু পরিবর্তনের প্রভাব, সীমিত জনবল ও বাজেট প্রাণিসম্পদ উন্নয়নে অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) অর্জনের নিমিত্তে প্রাণিজাত পণ্যের যথাযথ উৎপাদন নিশ্চিত করার লক্ষ্যে বাজার ব্যবস্থার সংযোগ জোরদারকরণ, পণ্যের বহুমুখীকরণ, ফুড সেফটি নিশ্চিতকরণ এবং ক্যাটেল ইনসুরেন্স ব্যবস্থা প্রবর্তন করা হবে । ২০২১ সালের মধ্যে জনপ্রতি দুধ, মাংস ও ডিমের চাহিদার লক্ষমাত্রা যথাক্রমে ১৭০.৮৯ মিলি/দিন, ১২৩.৫০ গ্রাম/দিন ও ১০৮টি/বছর পূরণের জন্য প্রাণিসম্পদ অধিদপ্তর বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। গবাদিপশু ও পাখির রোগ নিয়ন্ত্রণ, নজরদারি, চিকিৎসা সেবার গুণগত মান উন্নয়ন এবং রোগ অনুসন্ধান গবেষণাগার স্থাপন করা হবে । দুগ্ধ ও মাংসল জাতের গরু উৎপাদন বৃদ্ধির জন্য কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে গরু-মহিষের জাত উন্নয়ন এবং অধিক মাংস উৎপাদন ক্ষমতা সম্পন্ন গরুর জাত উন্নয়ন। পশু খাদ্যের সরবরাহ বাড়াতে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ, টিএমআর প্রযুক্তির প্রচলন ও পশু খাদ্যের মান নিয়ন্ত্রণ গবেষণাগার স্থাপন। তাছাড়া প্রাণিসম্পদের টেকসই উৎপাদন নিশ্চিত করার পাশাপাশি প্রাণিজ আমিষের নিরাপত্তা বিধান, আপামর জনগোষ্ঠীর পুষ্টির চাহিদাপূরণ, রপ্তানি আয় বৃদ্ধি ও অভিষ্ঠ জনগোষ্ঠীর অংশ গ্রহণের মাধ্যমে কাঙ্খিত আর্থসামাজিক উন্নয়ন নিশ্চিতকরণ। সর্বোপরি, প্রাণিসম্পদ অধিদপ্তরের সাথে সংশ্লিষ্ট SDG-এর ৯টি অভীষ্ট ও ২৮টি লক্ষ্যমাত্রা অর্জনে প্রাণিসম্পদ অধিদপ্তর ইতোমধ্যে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে যা ২০৩০ সালের SDG বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

**২০১৮- ১৯ অর্থ বছরে প্রধান সম্ভাব্য অর্জনসমূহঃ**

- গবাদিপশুর উৎপাদনশীলতার বৃদ্ধির মাধ্যমে দুধ, মাংস এবং ডিমের উৎপাদন যথাক্রমে ৯৮.১৭ লক্ষ মেট্রিক টন, ৭৩.৮৩ লক্ষ মেট্রিক টন এবং ১৬৬৩ কোটিতে উন্নীত করা;
- রোগ প্রতিরোধে বাদলা ১০.০০ লক্ষ টিকা উৎপাদন;

## সেকশন ১:

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision) :**

সকলের জন্য নিরাপদ, পর্যাপ্ত ও মানসম্মত প্রাণিজ আমিষ।

**১.২ অভিলক্ষ্য (Mission) :**

প্রাণিসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং মূল্য সংযোজনের (Value addition) মাধ্যমে প্রাণিজ আমিষের চাহিদাপুরণ।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):**

**১.৩.১** দপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. গবাদিপশু-পাখির উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি।

২. গবাদিপশু-পাখির রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ ।

৩. মানবসম্পদ উন্নয়ণ ও কর্মসংস্হানের সুযোগ সৃষ্টি।

৪. নিরাপদ প্রাণিজাত পণ্য (দুধ, মাংস ও ডিম) উৎপাদন, আমদানী ও রপ্তানি বৃদ্ধিতে সহায়তা ।

৫. গবাদিপশু-পাখির জেনেটিক রিসোর্স সংরক্ষণ ও উন্নয়ন ।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ;

২. কার্যপদ্ধতি, কর্ম পরিবেশ ও সেবার মানোন্নয়ন;

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;

৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ;

১.৪ কার্যাবলি (Functions):

১.৪.১ দুধ, মাংস,ও ডিমের উৎপাদন বৃদ্ধি করা ;

১.৪.২ গবাদিপশু-পাখির চিকিৎসা, রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ ;

১.৪.৩ গবাদিপশু-পাখির কৃত্রিম প্রজনন সম্প্রসারণ ;

১.৪.৪ গবাদিপশু-পাখির পুষ্টি উন্নয়ন ;

১.৪.৫ গবাদিপশু-পাখির জাত উন্নয়ন ;

১.৪.৬ প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ ও প্রাণিজাত খাদ্যের মান নিয়ন্ত্রণ এবং বৈদেশিক মূদ্রা অর্জন ;

১.৪.৭ গবাদিপশু-পাখির খামার ব্যবস্হাপনার উন্নয়ন ;

১.৪.৮ গবাদিপশু-পাখির কৌলিকমাণ সংরক্ষণ ও উন্নয়ন ;

১.৪.৯ প্রাণিসম্পদ সম্পর্কিত গবেষণা ও উন্নয়ন ;

১.৪.১০ প্রাণিসম্পদ সংক্রান্ত আইন, বিধিমালা ও নীতিমালা প্রণয়ন, হালনাগাদকরণ এবংবাস্তবায়ন ;

১.৪.১১ প্রাণিসম্পদ বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন ।

## সেকশন ২
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষমাত্রা সমূহ
## (মোট মান - ৮০)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-২০১৯ (Target/Criteria Value for FY 2018-2019) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপন (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্যসমূহ ঃ | | | | | | | | | | | | | | |
| ২. গবাদি পশু-পাখির রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রন | ৮০.০০ | ২.১ টিকা উৎপাদন | উৎপাদিত টিকা | মাত্রা লক্ষ | ৮০.০০ | ০৭.২০ | ০৭.২০ | ১০.০০ | ০৯.০০ | ০৮.০০ | ০৭.০০ | ০৬.০০ | ১০.৩০ | ১০.৬০ |

# মাঠ পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯

(মোট মান-২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান-২০১৮-১৯ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | ২০17-১8 অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | 1 | ২৪ জুলাই, ২০১৮ | ২৯ জুলাই, ২০১৮ | ৩০ জুলাই, ২০১৮ | ৩১ জুলাই, ২০১৮ | ০১ আগস্ট, ২০১৮ |
| | | ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জানুয়ারি, ২০১৯ | ১৬ জানুয়ারি, ২০১৯ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা * | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্ম পরিবেশ ও সেবার মানোন্নয়ন | 9 | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | 1 | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত * | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত ** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত | তারিখ | 1 | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ০৭ জানুয়ারি, ২০১৯ | ১৪ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি নিশ্চিতকরণ | পিআরএল আদেশ জারিকৃত | % | 1 | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়ন জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | ক্ষ্যমাত্রার মান-২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৫ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ব্রডসীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রনীত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | – | – | – |
| | | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | – | – | – |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | – | – |

* জনপ্রশাসন প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী উক্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

*** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন

আমি মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বাদলা টিকা শাখা, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠানের পরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি পরিচালক, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠানেরবাদলা টিকা শাখার মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট শাখাকে সর্বাত্বক সহযোগীতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ-

------------------------------

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা
বাদলা টিকা শাখা
প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান
মহাখালী, ঢাকা।

তারিখঃ- ১৪/৬/১৮

১৪/৬/১৮

------------------------------

পরিচালক
গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন
প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান
মহাখালী, ঢাকা।

তারিখঃ- ১৪/৬/১৮

**সংযোজনী-১**

# শব্দ সংক্ষেপ (Acronyms)

| ক্রমিক | আদ্যক্ষরসমূহ | বর্ণনা |
|---|---|---|
| 1. | এআই | কৃত্রিম প্রজনন |
| 2. | বিএলআরআই | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান (Bangladesh Livestock Research Institute) |
| 3. | বিবিএস | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (Bangladesh Bureau of Statistics) |
| 4. | ডিএলএস | প্রাণিসম্পদ অধিদপ্তর (Department of Livestock Services) |
| 5. | ইপিবি | এক্সপোর্ট প্রমোশন ব্যুরো (Export Promotion Bureau) |
| 6. | এফএও | খাদ্য ও কৃষি সংস্থা (Food and Agriculture Organization) |
| 7. | জিডিপি | মোট দেশজ উৎপাদন (Gross Domestic Product) |
| 8. | এমওএফএল | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (Ministry of Fisheries and Livestock) |
| 9. | এনজিও | বেসরকারি সংস্থা (Non Government Organization) |
| 10. | এসডিজি | টেকসই উন্নয়ন অভীষ্ট (Sustainable Development Goal) |
| 11. | টিএমআর | টোটাল মিক্সড রেশন (Total Mixed Ration) |

# সংযোজনী -২:

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্ম সম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| 1. | পশু খাদ্য নমুনা পরীক্ষাকরণ | পরিক্ষীত নমুনা | পশুখাদ্যের গুণগত মান সমুন্নত রাখার লক্ষ্যে প্রাণী পুষ্টি গবেষণাগার এবং জেলা প্রাণী হাসপাতালের প্রাণিপুষ্টি মিনি গবেষণাগারে পশুখাদ্যের নমুনা পরীক্ষা এবং বিশ্লেষণ করা হয়। | ডি.এল.এস এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | কেন্দ্রীয় ও মাঠ পর্যায়ে গবেষণাগার প্রয়োজন |
| 2. | টিকা উৎপাদন | উৎপাদিত টিকা | উৎপাদিত টিকা গবাদিপশু ও পাখির বিভিন্ন মারাত্মক রোগের প্রতিষেধক হিসেবে ব্যবহৃত হয়। প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক ১৭ প্রকারের টিকা উৎপাদন ও মাঠ পর্যায়ে সরবরাহ করা হয়। | এল.আর.আই | এল.আর.আই এবং ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত রাজস্ব ও প্রকল্প কার্যক্রম |
| 3. | রোগ নির্ণয় করা | পরিক্ষীত নমুনা | ১ টি কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার এবং ৭ টি মাঠ পর্যায়ে রোগ অনুসন্ধান গবেষণাগারে গবাদিপশু-পাখির রোগ নির্ণয়ের লক্ষ্যে নমুনা পরীক্ষা করা হয় এবং প্রতিবেদন তৈরী করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |